কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Service

(Request for Quotation Method)

ISO 9001:2015 Certified

## পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
## চাটমোহর, পাবনা।

## পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর "হাউজ ওয়্যারিং মালামাল" সরবরাহের কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

---

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

চাটমোহর, পাবনা।

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০১.০৩৮.২২. ২৮৬৭

তারিখঃ ১৩ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

## কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে "হাউজ ওয়্যারিং মালামাল" সরবরাহের (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

প্রতি,

.........................................................

০১. জেনারেল ম্যানেজার, পাবনা পবিস-১ এর অনুকুলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩. **"কোটেশন দলিল"** ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারীর দপ্তরে (৬ অনুচ্ছেদে বর্ণিত) দাখিল করতে হবে।

০৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬. সিলমোহরকৃত খামে আগামী ***০৮/০৫/২০২২খ্রিঃ*** তারিখ বেলা ১২:০০ ঘটিকা এ বা এর পূর্বে কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চাটমোহর, পাবনায় রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। কোটেশনের খামে **"হাউজ ওয়্যারিং মালামাল"** সরবরাহের কোটেশন এবং ***০৮/০৫/২০২২খ্রিঃ*** তারিখ বেলা ১২:৩০ ঘটিকার আগে খোলা যাবে না লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখের মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

০৮. পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

০৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১০. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্নের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্বৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে।

১২. দর টাকায় উদ্বৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাত প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩. কোটেশান দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, টিআইএন নম্বর ও কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহনযোগ্য কোটেশন নির্ধারনের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫. উদ্বৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্বৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১৫ (পনেরো) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৭. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করতে হবে।

১৮. সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

26.04.22

(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বিআরইবি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবোর্ড, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, পাবনা।
৫। পুলিশ সুপার, পাবনা।
৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ গণপূর্ত বিভাগ / সওজ বিভাগ, পাবনা।
৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, পাবনা।
৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...........................পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
৯। ডিজিএম, (কারিগরী)/ দাশুড়িয়া /আটঘরিয়া/ভাংগুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
১০। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, পাবনা।
১১। এজিএম (ওএন্ডএম),ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
১২। এজিএম (ওএন্ডএম/এমএস/অর্থ/ইএন্ডসি/আইটি), পাবনা পবিস-১।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), পাবনা পবিস-১ (পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৪। মেসার্স-----------------------------------------------------।
১৫। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।

26.04.22

(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

## কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বরঃ ২৭.১২.৭৬২২.৫০৭.০১.০৩৮.২২. ২৮৬৭ তারিখঃ- ২৬/০৪/২০২২ খ্রিঃ।

প্রতি
জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"হাউজ ওয়্যারিং মালামাল"** সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা **[অংকে এবং কথায় উল্লেখ করুন]**

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/ আমরা (..................) তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখঃ

## সংশ্লিষ্ট পণ্য/সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বরঃ ২৭.১২.৭৬২২.৫০৭.০১.০৩৮.২২. ২৮৬৭ তারিখঃ- ২৬/০৪/২০২২ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নং | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য অংকে | একক দর/মূল্য কথায় | মোট মূল্য অংকে /কথায় | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | ২৫ | তার, তামা, পিভিসি, সিংগেল কোর ৩/.০৩৬ লাল | মিটার | ২১৬ | | | | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ চাটমোহর, পাবনা |
| ০২ | | তার, তামা, পিভিসি, সিংগেল কোর ৩/.০৩৬ কালো | মিটার | ২১৬ | | | | |
| ০৩ | | তার, তামা, পিভিসি, সিংগেল কোর ৩/.০২৯ লাল | মিটার | ৪৩২ | | | | |
| ০৪ | | তার, তামা, পিভিসি, সিংগেল কোর ৩/.০২৯ কালো | মিটার | ৪৩২ | | | | |
| ০৫ | | তার, তামা, পিভিসি, টুইন কোর ৩/.০৩৬ | মিটার | ৩২৪ | | | | |
| ০৬ | | বৈদ্যুতিক বাতি, ২০ ওয়াট, ২৫০ ভোল্ট (এলইডি) | টি | ১০৮ | | | | |
| ০৭ | | ডিসকানেক্ট মেইন সুইচ, ১৫ এম্পিয়ার, ২৫০ ভোল্ট | টি | ১০৮ | | | | |
| ০৮ | | মাউন্টিং বোর্ড প্লাষ্টিক ৬"×৮" | টি | ১০৮ | | | | |
| ০৯ | | মাউন্টিং বোর্ড প্লাষ্টিক ৩"×৩" | টি | ২১৬ | | | | |
| ১০ | | কাঠ স্ক্রু, ৩/৪' ১/৪' গ্যালভানাইজড | টি | ২৫৯২ | | | | |
| ১১ | | ব্যাটেন হোল্ডার | টি | ১০৮ | | | | |
| ১২ | | ১৬ মিঃমিঃ ক্যাবল ক্লিপ | টি | ১০৮০ | | | | |
| ১৩ | | পিয়ানো সুইচ, ৫ এম্পিয়ার ২৫০ ভোল্ট এমইপি | টি | ৩২৪ | | | | |
| ১৪ | | টুপিন সকেট, ৫ এম্পিয়ার ২৫০ ভোল্ট | টি | ১০৮ | | | | |
| ১৫ | | এস এস তারকাটা ১" | কেজি | ২ | | | | |
| ১৬ | | ১/২" এ্যালবো | টি | ৪৩২ | | | | |
| ১৭ | | মিটার শেড | টি | ১০৮ | | | | |
| ১৮ | | ৪ ঘাট সুইচ বোর্ড | টি | ১০৮ | | | | |
| ১৯ | | প্লাষ্টিক টেপ | টি | ২০ | | | | |
| ২০ | | গ্রাউন্ডিং রড, গ্যালভানাইজড | টি | ১০৮ | | | | |
| ২১ | | মিটার বোর্ড | টি | ১০৮ | | | | |
| ২২ | | ১/২ পিভিসি পাইপ (এমইপি) | টি | ১০৮ | | | | |
| ২৩ | | ১৪ নং জিআই তার | কেজি | ১০ | | | | |
| ২৪ | | ১০ নং জিআই তার | কেজি | ১০ | | | | |
| ২৫ | | সিলিং রোজ | টি | ১০৮ | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | | |
| | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/ আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের তফশীল [......] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/ আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর তারিখ

কোটেশন দাতার নাম

**টীকা:**

০১. কলাম ১,২,৩,৪,৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬,৭, ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

০২. যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্য ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহণ খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরণের কর, শুল্ক, ফী লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য ব্যয় অন্তর্ভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্নাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ২৫ | তার, তামা, পিভিসি, সিংগেল কোর ৩/.০৩৬ লাল | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ চাটমোহর, পাবনায় পৌছাতে হবে | | |
| ০২ | | তার, তামা, পিভিসি, সিংগেল কোর ৩/.০৩৬ কালো | | | |
| ০৩ | | তার, তামা, পিভিসি, সিংগেল কোর ৩/.০২৯ লাল | | | |
| ০৪ | | তার, তামা, পিভিসি, সিংগেল কোর ৩/.০২৯ কালো | | | |
| ০৫ | | তার, তামা, পিভিসি, টুইন কোর ৩/.০৩৬ | | | |
| ০৬ | | বৈদ্যুতিক বাতি, ২০ ওয়াট, ২৫০ ভোল্ট (এলইডি) | | | |
| ০৭ | | ডিসকানেক্ট মেইন সুইচ, ১৫ এম্পিয়ার, ২৫০ ভোল্ট | | | |
| ০৮ | | মাউন্টিং বোর্ড প্লাষ্টিক ৬"x৮" | | | |
| ০৯ | | মাউন্টিং বোর্ড প্লাষ্টিক ৩"x৩" | | | |
| ১০ | | কাঠ স্ক্রু, ৩/৪' ১/৪' গ্যালভানাইজড | | | |
| ১১ | | ব্যাটেন হোল্ডার | | | |
| ১২ | | ১৬ মিঃমিঃ ক্যাবল ক্লিপ | | | |
| ১৩ | | পিয়ানো সুইচ, ৫ এম্পিয়ার ২৫০ ভোল্ট এমইপি | | | |
| ১৪ | | টুপিন সকেট, ৫ এম্পিয়ার ২৫০ ভোল্ট | | | |
| ১৫ | | এস এস তারকাটা ১" | | | |
| ১৬ | | ১/২" এ্যালবো | | | |
| ১৭ | | মিটার শেড | | | |
| ১৮ | | ৪ ঘাট সুইচ বোর্ড | | | |
| ১৯ | | প্লাষ্টিক টেপ | | | |
| ২০ | | গ্রাউন্ডিং রড, গ্যালভানাইজড | | | |
| ২১ | | মিটার বোর্ড | | | |
| ২২ | | ১/২ পিভিসি পাইপ (এমইপি) | | | |
| ২৩ | | ১৪ নং জিআই তার | | | |
| ২৪ | | ১০ নং জিআই তার | | | |
| ২৫ | | সিলিং রোজ | | | |

আমি/ আমরা ঘোষনা দিচ্ছি যে, আমি/ আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

তারিখ

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
কোটেশনদাতার নাম

**টীকা:**

০১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

০২. বিনির্দেশ (পূর্নাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্নাঙ্গা বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গো ক্রয়তব্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশ আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভূক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/ প্রচারপত্র সংযুক্ত করবে।

# পণ্যের সরবরাহ ও মুল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তি পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারনত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারনের ভিত্তিতে সরবরাহকারীর তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধিন সকল সরাবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেষ্টিং, কমিশনিং ও তদারকির উদ্দেশ্যে যে কোন সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোন ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরণের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধিন এইরকম অন্যান্য লেভি পরিশোধের সম্পূর্ন দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমানের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধিনে অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে................................. কথায়,...................................................।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ (মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন)।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভিতরে সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমানের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি মোতাবেক প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ন চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক) সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ) পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতা বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দূর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ) চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরণের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| ক্রেতার জন্য: | সরবরাহকারীর জন্য: |
|---|---|
| নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |